

শেখ হাসিনার মমতায়
ভাতার অর্থ দোরগোড়ায়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
dss.sadar.lakshmipur.gov.bd



স্মারক নম্বর - ৪১.০১.৫১৪৩.০০০.১৮.০১৫.২১.২৬৮


তারিখ: ০২ শ্রাবণ ১৪৩০
১৭ জুলাই ২০২৩

সূত্রঃ উপজেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর এর স্মারক নম্বরঃ ৪১.০১.৫১৪৩.০০০.১৮.০০১.২২.৩৫১
তারিখঃ ০৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

কারণ দর্শানোর নোটিশ

জনাব মোঃ আনোয়ার হোসেন, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর হতে গত ০৪ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে উপজেলা সমাজসেবা কার্যালয়, রায়পুর, লক্ষ্মীপুর বদলী হলে তার দায়িত্বরত ০৩নং দালালবাজার, ১৩নং দিঘলী, ১৭নং ভবানীগঞ্জ ও আধারমানিক আশ্রয়কেন্দ্রসহ ক্ষুদ্রঋণের প্রকল্পভুক্ত সকল গ্রামের হিসাবসহ সকল দায়িত্ব বুঝে নেওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক সূত্রে উল্লেখিত পত্রের আলোকে অফিস আদেশ জারি করা হয়। উক্ত আদেশে বলা হয়, জনাব মোঃ আনোয়ার হোসেন, ইউনিয়ন সমাজকর্মী, রায়পুর, লক্ষ্মীপুর, তার সকল হিসাব ও দায়িত্ব জনাব মোঃ ইসমাইল, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর ও জনাব গোপাল চন্দ্র সাগর, কারিগরি প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুরকে বুঝিয়ে দিবেন। আর জনাব মোঃ ইসমাইল ও জনাব গোপাল চন্দ্র সাগর ১৩ নভেম্বর ২০২২ খ্রি. তারিখের মধ্যে সকল হিসাব নিম্ন স্বাক্ষরকারীকে বুঝিয়ে দিবেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, অদ্যাবধি জনাব মোঃ আনোয়ার হোসেন, ইউনিয়ন সমাজকর্মীর কর্তৃক পালনকৃত দায়িত্ব নিম্ন স্বাক্ষরকারীর বরাবর কেউ দাখিল করেননি।

এমতাবস্থায় দায়িত্ব অবহেলার কারণে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত করে উক্ত বিধিমালার অধীনে কেন যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, তা এই নোটিশ প্রাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোসহ সংযুক্ত ছক মোতাবেক তথ্য প্রদানের জন্য নির্দেশ করা হলো।


(মোঃ শরিফ হোসেন)
উপজেলা সমাজসেবা অফিসার
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
ফোন: ০২৩৩৪৪৪১৬১২

ই-মেইল:ussosadar.1996@gmail.com

প্রাপকঃ


জনাব মোঃ আনোয়ার হোসেন
ইউনিয়ন সমাজকর্মী
উপজেলা সমাজসেবা কার্যালয়,
রায়পুর, লক্ষ্মীপুর।

জনাব মোঃ ইসমাইল
ইউনিয়ন সমাজকর্মী
উপজেলা সমাজসেবা কার্যালয়
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

জনাব গোপাল চন্দ্র সাগর
কারিগরি প্রশিক্ষক
উপজেলা সমাজসেবা কার্যালয়
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি শ্রেণণ করা হলোঃ

- ০১। পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ০২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।
- ০৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর।
- ০৪। উপজেলা সমাজসেবা অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর।
- ০৪। অফিস কপি।


(মোঃ শরীফ হোসেন)
উপজেলা সমাজসেবা অফিসার
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।